Registered
No. C. 853


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।


৪৬শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৩০শে আষাঢ় বুধবার ১৩৬৬ ইংরাজী 15th July. 1959 { ৯ম সংখ্যা





মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

"রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

লিভার ও পেটের পীড়ায়

কুমারেশ

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৩০শে আষাঢ় বুধবার সন ১৩৬৬ সাল।

## রাষ্ট্রপতি ও প্রধান মন্ত্রীর দ্বৈধ বৈধ নয়!

—•—

রাষ্ট্রপতি রাজেন্দ্রপ্রসাদ ও প্রধান মন্ত্রী জহরলাল নেহরুর মধ্যে মতদ্বৈধ সম্পর্কীয় সংবাদের গুরুত্ব উড়াইয়া দিবার নয়। হিন্দু বিবাহ বা উত্তরাধিকারের প্রশ্নে দ্বিমত হওয়ার সমস্যা এখন আর নাই। কিন্তু কংগ্রেসের অর্থনৈতিক কার্য্যসূচির মূলগত বিষয়ে সর্ব্বোচ্চ রাষ্ট্রীয় পদাধিকারী এবং সর্ব্বোচ্চ শাসন ব্যবস্থাপকের মধ্যে মতানৈক্য ঘটা নিশ্চয়ই বাঞ্ছনীয় নয়। নেহরুজী বলিয়াছেন, ভারতের রাষ্ট্রপতিও মার্কিণ রাষ্ট্রপতির সমপদস্থ নহেন। তাঁহার পদগৌরব অনেকটা আনুষ্ঠানিক। কিন্তু এই অভিমতের অসারতা প্রধানমন্ত্রী নিজেই প্রমাণ করিতেছেন।

কেরল রাজ্যের সমস্যার নির্দ্দিষ্ট কোনও কিছু করা অপরিহার্য্য হইয়া উঠিয়াছে। কিন্তু মন্ত্রিসভাকে অপসারিত করিয়া নির্ব্বাচনের ব্যবস্থা করিতে হইলে ভারত সরকারকে যথেষ্ট মানসিক শক্তির পরিচয় দিতে হইবে। প্রধানমন্ত্রী তাই সমস্ত দায়িত্ব রাষ্ট্রপতির ঘাড়ে চাপাইবার জন্য চেষ্টিত। কমিউনিষ্টদের কাছে বদনাম হইলে রাষ্ট্রপতি তাহার অংশভাগী হইবেন। প্রধানমন্ত্রী নিজে কমিউনিষ্টদের নিকট ভালমানুষী বজায় রাখিতে ইচ্ছুক।

মজার কথা এই যে, সংবিধানের ব্যবস্থায় রাষ্ট্রপতির অনুজ্ঞা ছাড়া ভারতে শাসনকার্য্য পরিচালিত হওয়া অসম্ভব। তিনি সৈন্য বিভাগেরও সর্ব্বোচ্চ অধিনায়ক। তাঁহার অনুমোদন ব্যতীত কোন বিধান কার্য্যকরী হয় না কিন্তু তাঁহাকে মন্ত্রীত্বের পরামর্শ লইয়া চলিতে হয়। মন্ত্রীরা তাঁহার পরামর্শে কর্ণপাত করেন না বলিয়াই প্রধান মন্ত্রীর সঙ্গে তাঁহার মতের মিল ঘটিতেছে না। কেবল পরিস্থিতিতে তাঁহার ইচ্ছা ও যুক্তি প্রধান মন্ত্রীর মনঃপূত হইবার আশা নিতান্ত অল্প। ইহা দেশের বাঞ্ছনীয় নয়।

---

## হিন্দু বিবাহ ও উত্তরাধিকার প্রভৃতি বিষয়ক আইন

রাষ্ট্রপতি ও প্রধান মন্ত্রীর মতানৈক্য থাকিলে আইনে রাষ্ট্রপতি স্বাক্ষর দিতেন না। তিনি স্বাক্ষর দিয়াছেন তারপর বিল আইনে পরিণত হইয়াছে।

আইন মুসাবিদা হইয়াছে ইংরাজী ভাষায়। উহা ভারতীয় ইংরাজী গেজেটে ঘোষিত হইয়াছে। ইংরাজী ভাষা যিনি বা যাঁহারা জানেন না গেজেটে ছাপা হইলে তাহা জানি না বলা কাহারো চলিবে না। অথচ সকল অধিবাসী না জানিয়াও জানিতে বাধ্য। অন্য প্রদেশের ইংরাজীতে অনভিজ্ঞ ব্যক্তির ভাগ্যে যাহাই হোক পশ্চিম বাংলার বঙ্গভাষাভিজ্ঞ জনগণের জন্য ভারতীয় সংসদের যে চারিটি আইন দ্বারা বর্ত্তমান হিন্দু আইন গঠিত ও প্রবর্ত্তিত হইয়াছে—

(১) হিন্দু বিবাহ আইন ১৯৫৫, (২) হিন্দু উত্তরাধিকার আইন ১৯৫৬, (৩) হিন্দু নাবালকত্ব ও অভিভাবকত্ব আইন, ১৯৫৮ (৪) হিন্দু দত্তক গ্রহণ ও ভরণ পোষণ আইন, ১৯৫৬।

বহরমপুর হইতে শ্রীঅম্বিকাচরণ রায় এম. এ. বি. এল. এডভোকেট, কলিকাতা হাইকোর্ট—

## নব হিন্দু-সংহিতা

—•—

নাম দিয়া ইংরাজীর আক্ষরিক অনুবাদ করিয়া সাধারণের বোধগম্য সরল ভাষায় প্রকাশ করিয়া বাঙ্গালীর মুশকিল আসান করিবার পন্থা করিয়া দিয়াছেন।

কলিকাতা হাইকোর্টের স্বনামধন্য এডভোকেট ডাঃ নরেশচন্দ্র সেনগুপ্ত এম. এ. ডি. এল মহোদয় নব-হিন্দু-সংহিতার ৬ পৃষ্ঠাব্যাপী স্বহস্তে লিখিত ভূমিকায় প্রত্যেক হিন্দুর অবশ্য জ্ঞাতব্য আইন পুস্তকখানির ভূয়সী প্রশংসা করিয়াছেন।

কোন উকীল বাবুর কাছে কিছু জানিতে হইলে তাঁহার মর্য্যাদা কমপক্ষে ২৲ টাকা দিতে হয়। নব-হিন্দু-সংহিতার মূল্য মাত্র ১ টাকা ৫০ নয়া পয়সা। পুস্তকখানির প্রকাশক—শ্রীনিমাইদাস রায় চৌধুরী ৬৭নং পার্ক ষ্ট্রীট কলিকাতা ১৬

---

## পিতলের এক আনি ও আধ আনি মুদ্রা ১৯৬০ সালের ১লা জানুয়ারী হইতে বাতিল

১৯৬০ সালের ১লা জানুয়ারী হইতে কেন্দ্রীয় সরকার নিকেল ও পিতল মিশ্রিত ( হলদে রঙের ) আনি ও আধ আনি প্রত্যাহার করিয়া লইতেছেন। ঐ তারিখ হইতে ঐগুলি আর আইনতঃ বিনিময় মুদ্রারূপে পরিগণিত হইবে না। ঐগুলি ১৯৬০ সালের ৩০শে জুন পর্য্যন্ত রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার সমস্ত শাখা সমূহে সরকারী ট্রেজারী ও সাব ট্রেজারী ও রিজার্ভ ব্যাঙ্কের যে সকল এজেন্সী ব্যাঙ্ক সমূহে সরকারী লেনদেন হয় সেই সমূহ ব্যাঙ্কে বিনিময়ের জন্য অথবা সরকারের প্রাপ্য টাকা শোধ করার সময়ে জনসাধারণের নিকট হইতে ঐ দুইটি মুদ্রা গ্রহণ করা হইবে। ঐ সময়ে অর্থাৎ ১৯৬০ সালের ৩০শে জুন পর্য্যন্ত সেগুলি সকল রেল অফিসে ও ডাকঘর সমূহে টাকা দেওয়ার সময়ে দেওয়া চলিবে।

---

## চাউল ও ধান্য নিয়ন্ত্রণ আদেশ বাতিল

কেন্দ্রীয় সরকারের সম্মতিক্রমে পশ্চিম বঙ্গ সরকার ১৯৫৯ সালের ২৪শে জুন হইতে পশ্চিম বঙ্গ চাউল সংগ্রহ আদেশ, ১৯৫৮ এবং ১৯৫৯ সালের পশ্চিম বঙ্গ চাউল ও ধান্য মূল্য নিয়ন্ত্রণ আদেশ বাতিল করিয়াছেন। ইহার ফলে ২৪শে জুন (১৯৫৯) হইতে চাউলকলের উৎপাদনের উপর কোন লেভি আদায় করা হইবেনা এবং (১৯৫৯) হইতে চাউল বা ধান্যের মূল্যের উপর কোন নিয়ন্ত্রণ থাকিবে না!

ধান্য ও চাউলের উপর হইতে মূল্য নিয়ন্ত্রণ তুলিয়া লওয়ায় অন্যান্য নিয়ন্ত্রণাদেশের কোন ক্ষতি

বৃদ্ধি হইবে না। ১৯৫৭ সালের ধান্য ও চাউল নিয়ন্ত্রণ আদেশ অনুযায়ী ধান্য ও চাউল বিক্রেতাদের মজুত এবং লেনদেন সম্পর্কে সরকারের নিকট হইতে পূর্বের ন্যায়ই লাইসেন্স গ্রহণ ও রিটার্ণ দাখিল করিতে হইবে। —(প্রেসনোট)

---

### নব-নাট্যধারার ভগীরথ
## *নাট্যাচার্য্য শিশির ভাদুড়ী প্রয়াণে*

॥ সু—মো—দে ॥

নাট্যাচার্য্য শিশির ভাদুড়ী
নাট্যজগতে মহাখ্যাতিবান,
রূপায়ণে তব পুরানোকালের
অভিনয়ধারা হোল অবসান।

বাচনভঙ্গী স্বাভাবিকতা
শিখাইলে করি শিক্ষকতা,
কত নটনটী ছাত্রছাত্রী
বিখ্যাত হোল নাট্যজগতে,
সুপ্রতিষ্ঠিত সকলে তাহারা
শিক্ষা লভিয়া তব কাছ হতে।

রূপদান তব ঠিক যথাযথ
খুশি আনন্দে দর্শক যত,
জীবানন্দের রাসবিহারীর
আলমগীরও শ্রীমধুসূদন—
রাম নাদিরশা দিগম্বরের
অভিনয় কভু ভুলিবে না জন।

মঞ্চাভিনয়ে যুগান্তকারী
নাট্যাচার্য্য তব অবদান,
নাট্যামোদির অন্তরে রবে
জাতির স্মরণে চির অম্লান।

---

## *বদলী ও আগমন*

জঙ্গিপুরের প্রথম মুন্সেফ শ্রীকাশীনাথ মুখোপাধ্যায় মহাশয় মেদিনীপুর জেলার তমলুকে বদলী হইয়াছেন।

শ্রীবিমলকুমার সেনগুপ্ত মহাশয় জঙ্গিপুর মুন্সেফী আদালতের কার্য্যভার গ্রহণ করিলেন। আমরা নবাগত মুন্সেফ মহোদয়কে সাদর অভিনন্দন জ্ঞাপন করিতেছি। অয়মারম্ভ শুভায় ভবতু।

---

## *প্রথম ছয়মাসে জঙ্গীপুর মহকুমার সরকারী রিলিফ*

টি, আর—এই সময় মোট ২১টি পরিকল্পনায়, নগদ ২৪,৫৬৪'৯৪ নঃ পঃ এবং ২০০৫ মণ ১৮ সের ১০ ছটাক গম, ৬১,৬২৭ জন লোকের মধ্যে বিতরণ হয়।

এম, আর—সর্ব্বসমেত ১৮১টি দোকানের মাধ্যমে ৪২৭৮৬ মণ গম ও ৫০২৮৬ মণ চাউল, যথাক্রমে ৭২,৭২০৪ জন ("এ" শ্রেণী) ৯১,৯৯৮৮ জন ("বি" শ্রেণী) এবং ৩৬,১৫৬৬ জন ("সি" শ্রেণী) কার্ড হোল্ডারের মধ্যে সরবরাহ করা হয়।

জি, আর—নগদ ৩৩,৪৪৭ টাকা এবং ১৩৯৩ মণ ১২ ছটাক গম এই খাতে বিতরণ হয়। কেবল জুন মাসেই ৫৬৩ মণ ১০ সের গম ২৮৬৫ জনের (২৬ জন নাবালক নিয়ে) মধ্যে বিতরণ হয়। মে মাসের সংখ্যা হয় সর্ব্বাপেক্ষা বেশী—২৯৪৫ (৯৮ জন নাবালক নিয়ে)

---

## Notice

In the matter of Jangipur Central Co-operative Bank Ltd.

Notice is hereby given that the statutory audit of the above mentioned Co-operative Bank for the year ended 30. 6. 59 will be taken up by me from the 16th July, '59.

I therefore request every depositor, creditor, debtor and member of the said Bank to verify his individual credit and/or debit balance and the share balance respectively as the case may be as at 30. 6. 59 with me in the Bank's office at Raghunathganj during office hours within 25th July, '59.

2. Separate individual notices verification slips are also being despatched to the above effect. If any depositor, creditor or debtor does not receive the verification slip he should report the matter to me by 25th July, '59.

Abinash Ch. Mazumder
Signature of audit officer
Address :—Raghunathganj
Dated, Raghunathganj, the 10th July, '59

---

## নোটিশ

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

মোঃ নং ৫০।৫৯ অন্য

বাদী—ধলো দক্ষিণপাড়া গ্রামের অধিবাসী সাঁওতাল সম্প্রদায় পক্ষে ১। রাম মাঝি পিতা ৺মাতলা মাঝি দিগর সাং দক্ষিণপাড়া থানা রঘুনাথগঞ্জ জেলা মুর্শিদাবাদ।

বিবাদী—নুরুল হোদা পিতা তোজম্মল হোসেন মিঞা দিগর সাং ধলো, থানা রঘুনাথগঞ্জ।

অত্র নোটিশ দ্বারা রঘুনাথগঞ্জ থানার অধীন ধলো দক্ষিণপাড়া মৌজার জনসাধারণকে জানান যাইতেছে যে উক্ত মৌজার সাঁওতাল অধিবাসীগণ দক্ষিণপাড়া মৌজার ৬১নং খতিয়ান ভুক্ত ৬০নং দাগের ৭৫ শতক জমি (রকম পুকুর) এ তাহাদের মৃতের দাহ কার্য্যের Customary right দাবী করিয়া ৫০নং ৫৯ সাল মোকর্দ্দমা দায়ের করিয়াছে। স্বার্থ সংলগ্ন সংশ্লিষ্ট ব্যক্তিগণ বাদী অথবা বিবাদী শ্রেণীভুক্ত হওয়ার ইচ্ছা করিলে আগামী ৩।৮।৫৯ তারিখে উক্ত মোকর্দ্দমায় পক্ষভুক্ত হইয়া মোকর্দ্দমা পরিচালনা করিতে পারিবেন। অন্যথায় আইন মোতাবেক কার্য্য করা হইবে।

অদ্য সন ১৯৫৯ সালের ৯।৭ তারিখে আমার স্বাক্ষর ও আদালতের মোহরযুক্ত মতে দেওয়া গেল।

By order of the Court
Sd/- I. M. Sarkar
Sharistadar Munsif's 1st Court, Jangipur.

---

লিভার ও পেটের পীড়ায়
কুমারেশ

---

আই. সি. আই কোং'র সোডা

গত ১৪।৬।৫৯ তারিখ হইতে ৫৫ নয়া পয়সা মূল্যে ২ পাউণ্ড সোডা বিক্রয় হইতেছে।

মেসার্স গুরুপদ দত্ত, শ্যামাপদ দত্ত
রঘুনাথগঞ্জ।





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



(সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ)
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

**দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস**
৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬
টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১৮

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়
* * *
**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত
**ইলেকট্রিক সলিউসন**
— দ্বারা —
**মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ**



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সুতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

**অরবিন্দ এণ্ড সন্স**
মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)
ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।
এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।